

**প্রাথমিক শিক্ষকদের
বদলি নিজ উপজেলার
বাইরে নয়**

■ সাকির আহমদ

প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের নিজেদের উপজেলা থেকে অন্য উপজেলায় বদলি করা যাবে না। তাদের বদলি কার্যক্রম নিজেদের উপজেলার মধ্যেই সীমাবদ্ধ থাকবে। উপরদিকে বাম্বা-বাড়ির বেশি দূরে নয় এমন বিদ্যালয়ে মহিলা শিক্ষকরা যাতে দায়িত্ব পালন করতে পারেন সে ব্যবস্থা বহাল থাকবে। এছাড়া ২০১৪ সালের মধ্যে নিরক্ষরতা দূরীকরণ ও প্রাথমিক বিদ্যালয় থেকে পিওনের ঝরেপড়া রোধে নিয়মিত মা সমাবেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সংসদ সচিবালয় সূত্র জানায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় পৃষ্ঠা ২ কলাম

প্রাথমিক শিক্ষকদের

২৪ পৃষ্ঠার পর

স্থায়ী কমিটির বেশ কয়েকটি বৈঠকে শিক্ষকদের বদলি, মহিলা শিক্ষকদের অসুবিধা নিরসন এবং ঝরেপড়া রোধে বিস্তারিত আলোচনা করা হয়। কমিটি এসব বিষয় বাস্তবায়ন করার জন্য মন্ত্রণালয়ের প্রতি অনুরোধ জানানোর পর কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের জানানো হয়েছে যে, তাদেরকে নিজ উপজেলার বাইরে বদলি করা হবে না।

মন্ত্রণালয়ের সূত্র জানায়, সংসদীয় কমিটির সুপারিশ বাস্তবায়ন করা হলেও একটি কিন্তু থেকে যাবে। আর সেটি হচ্ছে কোন শিক্ষকের বিরুদ্ধে যদি গুরুতর অভিযোগ পাওয়া যায়, তাহলে সেটি আনলে নিয়ে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হবে। কারণ অভিযোগ প্রমাণ হলে অভিবৃক্ত শিক্ষকের ক্ষেত্রে উপজেলার অভ্যন্তরে বদলির বিধান প্রযোজ্য হবে না। তবে ছাদের বিরুদ্ধে কোন অভিযোগ থাকবে না তাদেরকে উপজেলার মধ্যেই বদলি করা হবে।

এদিকে সংসদীয় কমিটির সুপারিশের প্রেক্ষিতে আগামী ২০১৪ সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ ও প্রাথমিক বিদ্যালয় থেকে পিওনের ঝরেপড়া রোধের ব্যাপারে মন্ত্রণালয় কাজ শুরু করেছে। নিয়মিত বিদ্যালয়গুলোতে মা সমাবেশে শিক্ষক-শিক্ষিকারা বক্তব্য রাখবেন। তারা মায়েদের বুঝাবেন সন্তানদের লেখাপড়া করানোর কোন বিকল্প নেই। সন্তান শিক্ষিত হলে দেশ ও জাতির উপকারে আসে। যেসব বিদ্যালয় শিশু বাকুর নয় সেগুলোকে দ্রুত পিওনের নিকট আকর্ষণীয় করার ব্যবস্থা নিতে বাসেছে সংসদীয় কমিটি। এর মধ্যে শিশু বাকুর পরিবেশ তৈরীর জন্য রয়েছে মিনি পার্ক নির্মাণসহ ফুলের বাগান, দোলনা ও খেলাধুলার সরঞ্জাম।

সূত্র আরো জানায়, প্রাথমিক বিদ্যালয়ে রাতের বেলা পাহারা দেয়ার কোন ব্যবস্থা নেই। তবে সন্ধ্যার পর থেকে রাত্তি বিদ্যালয়গুলোতে বিভিন্ন ধরনের অপকর্ম ঘটে থাকে। বিদ্যালয়কে বিদ্যালয়ের মত রাখার জন্য রাতের বেলা পাহারাদার নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়েছে। পাশাপাশি প্যারা শিক্ষক ও প্রি-প্রাইমারি শিক্ষক নিয়োগ করা হবে। আর এসব কার্যক্রম শীঘ্রই শুরু হচ্ছে।